

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতি, আগস্ট ২৫, ১৯৯৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

(পৌর শাখা-৩)

প্রজ্ঞাপন

তারিখ, ২২শে আগস্ট ১৯৯৯/৭ই ভাদ্র ১৪০৬

এস, আর, ও নং ২৪৯-আইন/৯৯—যেহেতু সরকার সিলেট জেলার অকিগঞ্জ থানার নিম্ন  
তফসিলে উল্লিখিত শহর এলাকাসমূহকে মিউনিসিপ্যালিটি ঘোষণা করার প্রস্তাব করিয়াছে;

এবং যেহেতু সরকার Declaration and Alteration of Municipalities  
Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর অধীন প্রস্তাবিত  
মিউনিসিপ্যালিটি ঘোষণা করার জন্য পরামর্শ এবং আপত্তি আহবান করিয়া পাবলিক নোটিশ  
জারী করার জন্য সংশ্লিষ্ট ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল এবং তদনুযায়ী  
ডেপুটি কমিশনার উক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া প্রতিবেদন দাখিল করিয়াছেন;

এবং যেহেতু সরকার প্রস্তাবিত মিউনিসিপ্যালিটি ঘোষণার ব্যাপারে ডেপুটি কমিশনারের  
প্রতিবেদন বিবেচনা করিয়া উক্ত Rules এর rule 4(2) এর অধীন উল্লিখিত শহর  
এলাকাসমূহকে মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

(৪২১১)

মূল্য: টাকা ১.০০

অতএব, লোহেতু উক্ত Rules এর rule 5 এ প্রকৃত ক্ষমতাবলে সরকার এতদধারা নিম্ন তফসিলভুক্ত শহর এলাকাসমূহ সমন্বয়ে আঞ্চলিক ১৭ই ভাগ, ১৪০৬ বাং মোতাবেক ১লা সেপ্টেম্বর, ১৯৯৯ ইং তারিখ হইতে জকিগঞ্জ মিউনিসিপ্যালিটি গঠনের ঘোষণা করিল:—

## তফসিল

ক্রমিক নং	ইউনিটের নাম	মৌজার নাম	জে, এল, নং	দাগ নং
১	২	৩	৪	৫
(১)	খলাছড়া	গন্ধ দস্ত	৬৯	৫১১০—৫৯১৫।
(২)	খলাছড়া	পূর্ব খলাছড়া	৭০	২৪১৪—৩৩১৮।
(৩)	খলাছড়া	সাকরপুর	৭১	২৪৯—৮৮৯।
(৪)	খলাছড়া	সদরপুর	৮১	৪৭৪২—৪৮৯৫।
(৫)	জকিগঞ্জ	আনন নগর	৭২	০১—১৪২৮।
(৬)	জকিগঞ্জ	নবদস্ত	৭৩	০১—২০৭৮।
(৭)	জকিগঞ্জ	বিলের বলা	৭৪	০১—৭২৭।
(৮)	জকিগঞ্জ	মহিষকালি	৭৫	০১—৮৪৯।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
আব্দুস সাত্তার মিক্রা  
উপ-সচিব (পৌর)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়,  
ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।